গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

পত্র নং-৩৩.০২.০০০০.৯৫৬.২০.০০৩.২১. ১০২ তারিখঃ ০৯/০৫/২০২১ খ্রি.

প্রাপক:

১। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ....................................................................।

৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ..............................................................।

**বিষয়ঃ ২০২০-২১ অর্থ বছরে "ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প" (কোড নং ২২৪৩২২৯০০) এর আওতায় এআইজিএ প্রশিক্ষণ (কোড নং- ৩২৩১৩০১) খাতে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।**

"ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প" (কোড নং ২২৪৩২২৯০০) এর আওতায় ২০২০-২১ অর্থ বছরে কার্যক্রম বাস্তবায়নের জন্য এডিপি'র ছাড়কৃত ১,৭০,০০,০০০.০০ (এক কোটি সত্তর লক্ষ) টাকা হতে এআইজিএ প্রশিক্ষণ (কোড নং- ৩২৩১৩০১) খাতে মাঠ পর্যায়ের ব্যয় নির্বাহের জন্য ৯,২৪,০০০.০০ (নয় লক্ষ চব্বিশ হাজার) টাকার মধ্যে ৯,২৩,৪০০.০০ (নয় লক্ষ তেইশ হাজার চারশত) টাকা নিম্নলিখিত কর্মকর্তাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা হ'ল। ফলে এআইজিএ প্রশিক্ষণ (কোড নং- ৩২৩১৩০১) খাতে মাঠ পর্যায়ের দপ্তরের ব্যয় নির্বাহের জন্য নিম্নস্বাক্ষরকারীর নিকট ৬০০.০০ (ছয়শত) টাকা মজুদ রইল। উল্লেখ্য যে,

(ক) বরাদ্দকৃত অর্থ ২০২০-২১ অর্থ বছরের বাজেটে প্রকল্প কোড নং ২২৪৩২২৯০০ এর কোড নং- ৩২৩১৩০১ (এআইজিএ প্রশিক্ষণ) খাত হতে প্রদেয় এবং সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডের বিপরীতে সমন্বয় হবে।

(খ) আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক অর্থ ব্যয় করতে হবে। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ কোনক্রমেই ব্যয় করা যাবে না।

(গ) অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে ব্যয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন ।

(ঘ) একই ব্যক্তিকে একবারের বেশি এআইজিএ প্রশিক্ষণ প্রদান করা যাবে না। প্রশিক্ষণার্থীদের ই-প্রশিক্ষণ ডাটাবেইজ প্রশিক্ষণ সমাপ্তির ৭ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে। প্রশিক্ষণ শুরুর কমপক্ষে ০৫ দিন পূর্বে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালক এর নিকট প্রশিক্ষণ সিডিউল (সফট কপি ও হার্ড কপি) প্রেরণ করতে হবে।

(ঙ) মৎস্য অধিদপ্তরাধীন উন্নয়ন প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা ও এতদসংক্রান্ত নির্দেশাবলী অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

(চ) বিকল্প আয়বর্ধক কার্যক্রম বাস্তবায়নে গঠিত উপজেলা কমিটির অনুমোদিত তালিকা ব্যতীত কাউকে এআইজিএ প্রশিক্ষণ ও উপকরণ প্রদান করা যাবে না। কেবলমাত্র নির্বাচিত নিবন্ধিত জেলেদের প্রশিক্ষণ প্রদানের জন্য উক্ত অর্থ বরাদ্দ প্রদান করা হ'ল।

**(ছ) এআইজিএ উপকরণ সহায়তা বাবদ আয়বর্ধক উপকরণসমূহের মধ্য থেকে জেলেদের চাহিদা নিরূপণ করে তার ভিত্তিতে প্রশিক্ষণ প্রদান করতে হবে এবং উক্ত চাহিদাপত্র দপ্তরে অবশ্যই সংরক্ষণ করতে হবে। নিবন্ধিত জেলেদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের পর অনুমোদিত ও প্রশিক্ষণপ্রাপ্ত নিবন্ধিত জেলেদের তালিকা প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।**

(জ) সংযুক্ত ব্যয় বিভাজন অনুযায়ী নিবন্ধিত জেলেদের বিকল্প আয়বর্ধনমূলক কার্যক্রমের প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।

**(ঝ) অব্যয়িত অর্থ অবশ্যই ১০ জুন ২০২১ খ্রি. তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।**

| ক্রমিক নং | আয়ন-ব্যয়ন কর্মকর্তা | ব্যাচ সংখ্যা | বরাদ্দের খাত ও কোড (এআইজিএ প্রশিক্ষণ- ৩২৩১৩০১) |
|---|---|---|---|
| | | | বরাদ্দকৃত টাকা |
| ১ | জেলা মৎস্য কর্মকর্তা, বরিশাল | ০১ ব্যাচ (২৫ জন) | ২৩০৮৫০.০০ |
| ২ | জেলা মৎস্য কর্মকর্তা, বরগুনা | ০১ ব্যাচ (২৫ জন) | ২৩০৮৫০.০০ |
| ৩ | জেলা মৎস্য কর্মকর্তা, ভোলা | ০১ ব্যাচ (২৫ জন) | ২৩০৮৫০.০০ |
| ৪ | জেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ | ০১ ব্যাচ (২৫ জন) | ২৩০৮৫০.০০ |
| | মোট | ০৪ ব্যাচ (১০০ জন) | ৯২৩৪০০.০০ |
| | | | কথায়ঃ নয় লক্ষ তেইশ হাজার চারশত টাকা মাত্র |

০৯/০৫/২০২১

(মোঃ জিয়া হায়দার চৌধুরী)
প্রকল্প পরিচালক
ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
ই-মেইল: pdilishproject@gmail.com

পত্র নং-৩৩.০২.০০০০.৯৫৬.২০.০০৩.২১. ১০২ তারিখঃ ০৯/০৫/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল:

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন রমনা, ঢাকা।
৩। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ/ রাজশাহী বিভাগ,..............................।
৪। জেলা মৎস্য কর্মকর্তা, বরিশাল/বরগুনা/সিরাজগঞ্জ/ভোলা/পিরোজপুর।
৫। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,...........................................।
৬। উপজেলা মৎস্য কর্মকর্তা,...........................................।
৭। অফিস কপি।

০৯/০৫/২০২১

প্রকল্প পরিচালক
ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।